হরিণাকুণ্ডুতে শিক্ষা অফিসের হিসাবরক্ষক দিয়ে নিয়োগ বোর্ড বসালেন মাদ্রাসা কমিটি

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার গাড়াবাড়িয়া সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসায় বড় অংকের ঘুষের বিনিময়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের পরিবর্তে অফিসের হিসাবরক্ষক কাম অফিস সহকারীকে দিয়ে বিধি বহির্র্ভূত ভাবে ইবতেদায়ী প্রধান শিক্ষক এবং কম্পিউটর ল্যাব সহকারী নিয়োগের বোর্ড বসানোর অভিযোগ উঠেছে।

গত শুক্রবার (২৬ জুলাই) সকাল নয়টায় অতি গোপনে নিজ মাদ্রাসায় এই নিয়োগ বোর্ড বসান প্রতিষ্ঠানের সুপার আব্দুল আলিম। এই নিয়োগ নিয়ে রয়েছে বিস্তর অভিযোগ এবং নিয়োগের বিপরিতে রয়েছে মামলাও তবে কোন বিষয় তোয়ক্কা না করে ২০লক্ষ টাকার বিনিময়ে দেশের এই কারফিউ পরিস্থিতির মধ্যেও নিয়োগ বোর্ড বসালেন মাদ্রাসা সুপার।

মাদ্রাসার নিয়োগ প্রত্যাশি দুজন ভুক্তভোগীর মধ্যে আফরিন জাহান নামে একজন এই পাতানো নিয়োগ বন্ধের দাবী জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারের নিকট আবেদন করেছে। এই আবেদনে তিনি বলেন, এই প্রতিষ্ঠান একাধিকবার নিয়োগের সার্কাকুলার দিয়েছে, আমি ল্যাব সহকারী পদে চাকুরীর জন্য প্রথমবার আবেদন করেছি, কিন্তু আমাকে কিছু না জানিয়ে এবং পরীক্ষার প্রবেশপত্র ইস্যু না করে টাকার বিনিময়ে সম্পুর্ণ বিধি বহির্ভূত ভাবে এবং গোপনে নিয়োগ বোর্ড বসিয়েছেন, তদন্ত সাপেক্ষে আমি এই অবৈধ নিয়োগ বোর্ড বাতিল এবং এই ঘুষখোর নিয়োগ কমিটির বিচার দাবি করছি।

আরও জানা যায়, প্রতিষ্ঠানের দাতা সদস্য আসাদুল ইসলাম, ২০ডিসেম্বর ২০২২ তারিখে গোপনে দেশের অপচলিত পত্রিকায় প্রতিষ্ঠানের নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়ার কারণে হরিণাকুণ্ডু নির্বাহী অফিসারের নিকট লিখিত আবেদন করেন । আবেদনের প্রেক্ষিতে নির্বাহী অফিসার উভয় পক্ষকে ডেকে একটি সমঝতা করে দেন। এরপর আবার ষড়যন্ত্র করে গোপনে ১০অক্টেবর নিয়োগ বিজ্ঞপ্তি দিলে দাতা সদস্য আদালতে মামলা করেণ, যার নং ১৫/২৩, মামলাটি চলমান রয়েছে। এই অবস্থায় আবার তৃতীয়বার বিজ্ঞপ্তি দিয়ে কমিটির কয়েকজনকে নিয়ে গোপনে মিটিং করে টাকা ভাগাভাগির মাধ্যমে গত ১৯ জুলাই সবত্র শাট ডাউনের মধ্যে নিযোগ

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ‘সহকারী শিক্ষক’ নিয়োগ পরীক্ষা আজ

২য় ধাপে খুলনা, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে আজ শুক্রবার। তার অংশ হিসেবে মেহেরপুরে এ পরীক্ষায় অংশ নিচ্ছেন ৪ হাজার ৯৪৮ জন পরীক্ষার্থী।

জেলা শহরের ৮টি কেন্দ্রে সকাল ১০টায় শুরু হবে পরীক্ষা। শেষ হবে এগারোটায়। এর মধ্যে ২ হাজার ৬৮২ জন মহিলা এবং ২ হাজার ২৬৬ জন পুরুষ প্রার্থী রয়েছেন। নিয়োগ পরীক্ষা উপলক্ষে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাথতে জেলা ম্যাজিষ্ট্রেট কেন্দ্রের আশে পাশে ১৪৪ ধারা জারি করেছেন।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ৮টি কেন্দ্রের আসন বিন্যাস করা হয়েছে। এর মধ্যে মেহেরপুর সরকারি কলেজ কেন্দ্রে ১২০০ মহিলা প্রার্থী, মেহেরপুর সরকারি মহিলা কলেজ কেন্দ্রে ৭৪৮ জন মহিলা প্রার্থী, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৬০০ মহিলা প্রার্থী, ছহিউদ্দিন ডিগ্রি কলেজ কেন্দ্রে ১৩৪ জন মহিলা প্রার্থী, ৪১৬ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৫০০ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ কেন্দ্রে ৪৪০ জন পুরুষ পুরুষ প্রার্থী, জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজে কেন্দ্রে ৫০০ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজ কেন্দ্রে ৪১০ জন পুরুষ প্রার্থী পরীক্ষায় অংশ নিবেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন করতে ইতোমধ্যে সকল প্রস্Í◌ুতি সম্পন্ন করা হয়েছে। কেন্দ্রে কেন্দ্রে ১৪৪ ধারার নোটিশ পৌছানো হয়েছে।

পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা
পরীক্ষা কেন্দ্রে কোনো বই, উত্তরপত্র, নোট বা অন্য কোনো কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়িজাতীয় বস্তু, ইলেকট্রনিক হাতঘড়ি বা যে কোনো ধরনের

ইলেকট্রনিক ডিভাইস, কমিউনিকেটিভ ডিভাইস, জাতীয় পরিচয়পত্র (স্মার্ট কার্ড) ছাড়া কোনো ধরনের ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড অথবা অন্য কোনো কার্ড বা এ-জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করা বা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

যদি কোনো পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ সংশ্লিষ্টের বিরুদ্ধে প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের করোনা মোকাবেলায় অনুদান

মেহেরপুরে মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুল ও শিক্ষা অফিস থেকে করোনা মোকাবেলায় অনুদান হিসেবে দিলেন ৮ লক্ষ ৬৬ হাজার ১৫০ টাকা।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের একাউন্টে এই টাকা পাঠানো হয়েছে।

জেলা শিক্ষা অফিসের সহকারী পরিদর্শক মোঃ আল মামুন বিষয়টি নিশ্চিত করে জানান, দেশের এই সংকটময় পরিস্থিতিতে মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিস, তিন উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিস ও জেলার মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় থেকে সংগ্রহীত ৮ লক্ষ ৬৬ হজার ১৫০ টাকা অনুদান হিসেবে মহাপরিচাল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের একাউন্টে দেওয়া হয়েছে।

মেপ্র/এমএফআর